শেখ হাসিনার উদ্যোগ

“নিয়োগ বিজ্ঞপ্তি”

মুজিব বর্ষ

নং- ২৭.১২.০০০০.০২৫.১১.১৮৩.২০-১৪২১

তারিখঃ ১৬ পৌষ, ১৪২৭ বঙ্গাব্দ
৩১ ডিসেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো)-এর রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের জন্য/ প্যানেল তৈরীর জন্য যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে Online-এ দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্র. নং	পদের নাম ও বেতনস্কেল	পদের সংখ্যা	সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা	প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।
০১	সহকারী প্রকৌশলী ৳ ২২০০০-৫৩০৬০/= (গ্রেড-০৯)	৫২ টি	অনূর্ধ্ব ৩০ বৎসর।	১) কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বা সিভিলি ইঞ্জিনিয়ারিং এ স্নাতক ডিগ্রি; এবং ২) কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ, শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়।	সকল জেলা।

এই নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদসমূহের মধ্যে মহামান্য আদালতে বিচারাধীন পদসমূহ অন্তর্ভুক্ত নেই।

শর্তাবলীঃ

০১। Online এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় : ০৭-০১-২০২১ খ্রি. সকাল ১০:০০ ঘটিকা হতে।
০২। ০১-০২-২০২১ খ্রি. তারিখে প্রার্থীর বয়সসীমা বিজ্ঞপ্তির ৪ নং কলামের বর্ণনা অনুযায়ী হতে হবে।
০৩। ১৮ বৎসরের কম বয়সীদের আবেদন করার প্রয়োজন নেই। মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং প্রতিবন্ধী কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে প্রার্থীর বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর।
০৪। প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা অথবা মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে অথবা অন্য কোন কোটায় আবেদন করতে হলে **Online** এ আবেদন ফরমের নির্ধারিত ঘর পূরণ করতে হবে।
০৫। নিয়োগের ক্ষেত্রে সরকারী নির্দেশাবলী, কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) ও অন্যান্য নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হবে।
০৬। নির্ধারিত তারিখ ও সময়ের পর আবেদন ফরম পূরণ করা যাবে না।
০৭। সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং এ সংক্রান্ত নির্ধারিত ঘর পূরণ করতে হবে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় জমা দিতে হবে।
০৮। সিভিল আপীল নং- ৪৬০/২০১৭ ও সিভিল রিভিউ পিটিশন নং- ১৮১/২০১৮ এর রায় অনুযায়ী বাপবিবো’র সমাপ্ত প্রকল্পের যে সকল কর্মকর্তা/ কর্মচারী প্রকল্পের শেষ দিন পর্যন্ত সন্তোষজনকভাবে কর্মে নিয়োজিত ছিলেন তারা সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকের ইস্যুকৃত প্রত্যয়নপত্র সংগ্রহ সাপেক্ষে আবেদন করতে পারবেন। এক্ষেত্রে তাঁদের বয়সের সীমাবদ্ধতা রাখা হবে না।
০৯। আবেদনে উল্লিখিত তথ্য প্রমাণের জন্য মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।
১০। নির্বাচনী পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
১১। বাপবিবো কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/ বৃদ্ধি এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল বা নিয়োগ সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত গ্রহণ করার অধিকার সংরক্ষণ করেন।
১২। প্রার্থীদের লিখিত ও মৌখিক এবং প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করা হবে। লিখিত পরীক্ষা উত্তীর্ণ প্রার্থীরাই কেবল মৌখিক এবং প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।
১৩। স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
১৪। প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যাবলী অসম্পূর্ণ বা অসত্য বা অসঙ্গতিপূর্ণ থাকলে এবং পরবর্তী যে কোন সময় বিষয়টি বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃপক্ষের গোচরীভূত হলে তাকে চাকুরী হতে বিনা নোটিশে বরখাস্ত করণসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
১৫। চাহিত শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে সংশ্লিষ্ট পরীক্ষায় অ্যাপিয়ার্ড প্রার্থীগণের আবেদন বিবেচনা করা হবে না।
১৬। চাকুরীর জন্য যে কোন ব্যক্তিগত যোগাযোগ বা তদবির বা সুপারিশ চাকুরী লাভের ক্ষেত্রে প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।
১৭। চূড়ান্তভাবে বাছাইকৃত প্রার্থীদের যোগদানের সময় ৩০০/- (তিনশত) টাকা/ প্রযোজ্য মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে ০৫(পাঁচ) বছরের জন্য ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার সার্ভিস বন্ড প্রদান করতে হবে। চাকুরীর মেয়াদ ০৫(পাঁচ) বছর পূর্ণ না হওয়া পর্যন্ত কেউ চাকুরী হতে অব্যাহতি গ্রহণ করলে সার্ভিস বন্ড অনুযায়ী তিনি ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা বাপবিবো-এ প্রদানে বাধ্য থাকবেন।
১৮। নিয়োগপ্রাপ্ত কোন কর্মকর্তা কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত চাকুরী ছেড়ে চলে গেলে বিধি অনুযায়ী তাকে চাকুরীচ্যুত করা হবে এবং বিষয়টি বাপবিবো-এর ওয়েবসাইটে ছবিসহ প্রকাশ করা হবে এবং সংশ্লিষ্ট কর্মকর্তার নিজ জেলার পুলিশ সুপার, জেলা বিশেষ শাখা/ ডিআইজি, শহর বিশেষ শাখাকে অবহিত করা হবে।
১৯। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
২০। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী :**

ক) পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক ব্যক্তি http://brebr.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ :
   i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় : ০৭-০১-২০২১ খ্রি., সকাল ১০:০০ ঘটিকা।
   ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় : ০১-০২-২০২১ খ্রি., বিকাল ৫:০০ ঘটিকা।
   উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে SMS-এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ) Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্ত ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে নিজ দায়িত্বে সংরক্ষণ করবেন।

ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান : Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থীর একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant’s Copy পাবেন।
Applicant’s কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ ২২৩/- (দুইশত তেইশ) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

১ম SMS : BREBR <space> User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example : BREBR ABCDEF
Reply : Applicant’s Name, Tk .... will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BREBR <space> Yes <space> PIN and send to 16222.
২য় SMS : BREBR <space> Yes <space> PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example : BREBR YES 12345678
Reply : *Congratulations Applicant’s Name, payment completed successfully for BREBR Application for post XXXXXXXXX User ID is (ABCDEF) and Password (XXXXXXXX).*

চ) পরীক্ষার সময়সূচী ও প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি প্রার্থীর মোবাইল ফোনে SMS এবং বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এর ওয়েবসাইট www.reb.gov.bd এ নোটিশের মাধ্যমে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।